বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
১৭-১৮ কে,ডি,এ বাণিজ্যিক এলাকা,
খুলনা-৯১০০

গণমানুষের ব্যাংক

টেলিফোন : ০২৪৭৭-৭২১৭১৭, ৭২৫৪৪৫
৭২১১৭৮, ৭২০৫১৯, ৭২৫৫৮৬
উ-সথরষ : মসশর্যবহুশৎরহংযরনধহশ.ড়ৎম.নফ
ডবন : ঁঁ.শৎরংযরনধহশ.ড়ৎম.নফ

সূত্র নং-বিকাখু/কব্যাবি-(শৃং)-০৪/২০২২-২০২৩/ তারিখঃ ০৫.১২.২০২২ইং

## <u>কর্মী সংক্রান্ত ঘোষনা</u>

যেহেতু আপনি জনাব উত্তম সরকার, কর্মকর্তা (সাময়িকভাবে বরখাস্তকৃত), বিকেবি, জামিরা বাজার শাখা, খুলনা ইতিপূর্বে বিকেবি, জামিরা বাজার শাখা, খুলনায় কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত গুরুতর অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা, ২০০৮ এর ৩৮ (ক), (খ) ও (ঘ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের দায়ে অভিযুক্ত করিয়া বিভাগীয় মামলা নং-৪/২০-২১ রুজু করিয়া অত্র কার্যালয় হইতে গত ২৩-০২-২০২১ইং তারিখ বিকাখু/কব্যাবি-(শৃং)-০৪/২০২০-২০২১/২৭৪৮ নং পত্রের মাধ্যমে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার প্রাপ্তি স্বীকারপূর্বক জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের নিমিত্তে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুসাঙ্গিক বিষয়াদি বিচার বিশ্লেষন করিয়া আপনি জনাব উত্তম সরকার আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামুলক অপরাধের জন্য দোষী সাব্যস্ত করিয়া গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হতে বরখাস্ত করা হইবে না-এই মর্মে অত্র কার্যালয়ের ১২-০৫-২০২২ইং তারিখের বিকাখু/কব্যাবি-(শৃং)০৪/২০২১-২০২২/৩৭৪৪ নং কর্মী সংক্রান্ত ঘোষনা মূলে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ জারি করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব উত্তম সরকার উক্ত চুড়ান্ত কারণ দর্শানোর নোটিশের জবাব অত্র কার্যালয়ে ২৪-০৫-২০২২ইং তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক তথ্যাদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব উত্তম সরকার আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও অদক্ষতামূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ চাকুরী হইতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহন করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব উত্তম সরকার আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি মোতাবেক চাকুরী হইতে বরখাস্ত এর আদেশ দিলেন।

মহাব্যবস্থাপক মহোদয়ের আদেশক্রমে,

জনাব উত্তম সরকার (ইউ-৯৩)
কর্মকর্তা (চাকুরী হতে বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
জামিরা বাজার শাখা, খুলনা।

স্বাক্ষরীত/- ০৫.১২.২০২২ইং
(হাওলাদার আমজাদ হোসেন)
<u>সহকারী মহাব্যবস্থাপক</u>

---

সূত্র নং-বিকাখু/কব্যাবি-(শৃং)-০৪/২০২২-২০২৩/ ১৭৭৮-(৮৮) তারিখঃ ০৫.১২.২০২২ইং

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হইল ঃ</u>

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর বিকেবি, বিভাগীয় কার্যালয়, খুলনা। আরোপিত শাস্তি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষনাটি তাহার ব্যাক্তিগত নথিতে সংরক্ষনের জন্য অনুরোধ করা হলো।
০৫। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১/২, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষনা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, খুলনা।
০৮। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, খুলনা।
০৯। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, খুলনা।
১০। ব্যবস্থাপক, বিকেবি, জামিরা বাজার শাখা, খুলনা। তাকে এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষনাটি জনাব উত্তম সরকার এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১১। ব্যাক্তিগত নথি/ মহানথি।

০৫.১২.২২
(মোঃ জুবায়ের আলম)
<u>উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা</u>